গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.১৩.০০০০.৫০২.০১.০৪৫.২৪.১৩১

**বিষয়: কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন বাখরাবাদ গ্যাস আদর্শ উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০২৪ খ্রিঃ হতে ৩১/১২/২০২৭ খ্রিঃ পর্যন্ত ০৪(চার) বছরের জন্য নিচের শর্ত সাপেক্ষে বৃদ্ধি করা হল এবং২০২৮ খ্রিঃ পর্যন্ত এসএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা হল।

শর্তাবলী:
১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠক্রম কার্যক্রম জোরদার করতে হবে।
৩. পাঠপরিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৪. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৫. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৬. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করে যথাযথ পরিচর্যার ব্যবস্থা করতে হবে।
৭. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
৮. বাধ্যতামূলকভাবে বয়স্কাউট/গার্লস গাইড/রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
৯. বাধ্যতামূলক কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।
১০. শিক্ষার্থীদের বেত্রাঘাত থেকে বিরত থাকতে হবে।
১১. জাতীয় রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসমূহ যথাযথভাবে পালন করতে হবে।

১২-০৮-২০২৪
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক (অন্যান্য)
৮৮০৮১৭৬৭০০ (ফোন)
৮৮০৮১৭৬৪৩৮ (ফ্যাক্স)

প্রধান শিক্ষক, বাখরাবাদ গ্যাস আদর্শ উচ্চ বিদ্যালয়, চাঁপাপুর, আদর্শ সদর, কুমিল্লা।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস);
৩। আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এবং
৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, কুমিল্লা।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

স্মারক নং: অনুমতি/ ৩৬০/ স্কুঃ/মঃ/ /১৬২৬ তারিখ: ২১.৪.০৪ খ্রিঃ

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

প্রাপক : প্রধান শিক্ষক,
.......বাখরাবাদ গ্যাস আদর্শ....... উচ্চ বিদ্যালয়,
ডাকঘর ....চাপাপুর.......... উপজেলা ....মুরাদনগর..........
জেলা .....কুমিল্লা..........

বিষয় : বিদ্যালয়ে ৯ম শ্রেণী খোলা ও পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তাঁর বিদ্যালয়ে ০১/০১/২০০৪ ইং তারিখ হতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ৯ম শ্রেণী খোলা ও পাঠদানের অনুমতিসহ ২০০৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের অনুমতি প্রদান করা গেল।

শর্তাবলী :-

১। এই অনুমতি বিদ্যালয়ের একাডেমিক স্বীকৃতি হিসেবে গণ্য হবে না।
২। এই অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
৩। এই স্মারক প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এক বছরের জন্য ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি একজিকিউটিভ কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। মেয়াদ উত্তীর্ণের পূর্বে বোর্ডের রেগুলেশন অনুসারে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে। একজিকিউটিভ কমিটির সভাপতি পদে কর্মরত কোন সরকারি কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাবে না।
৪। বিদ্যালয় প্রতিষ্ঠার নীতিমালা অনুসারে বিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোন তথ্য গোপন করলে অথবা মিথ্যা তথ্য প্রদান করলে বিদ্যালয় কর্তৃপক্ষই দায়ী থাকবে।
৫। বোর্ডের রেজিস্ট্রেশন শাখার সাথে যোগাযোগ করে বিধি মোতাবেক ৯ম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের নাম রেজিস্ট্রেশন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬। প্রতি বছর কমপক্ষে ১০ জন ছাত্র/ছাত্রী জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং ৭০% উত্তীর্ণ ফলাফল অর্জন করতে হবে।
৭। দশম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৭৫%-কে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ন্যূনতম ৫০% পাস করতে হবে। ব্যর্থতায় একাডেমিক স্বীকৃতির বিষয় বিবেচনা করা হবে না।
৮। স্নাতক পাস শিক্ষকদের পর্যায়ক্রমে বি-এড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
৯। বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে কোনক্রমেই সংরক্ষিত তহবিলের টাকা উত্তোলন করা যাবে না। সাধারণ তহবিলে সর্বদাই ৩০,০০০.০০ ( ত্রিশ হাজার ) টাকার স্থিতি বজায় রাখতে হবে।
১০। শিক্ষার গুণগত ও সংখ্যাগত মান উন্নত করতে হবে এবং এ বিষয়ে শিক্ষকদের অধিক যত্নবান হতে হবে।
১১। ব্যক্তিনামে নামকরণের ক্ষেত্রে প্রযোজ্য এফ.ডি.আর. এর টাকা যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কোনক্রমেই উত্তোলন করা যাবে না। ব্যাংকে টাকা জমা, ক্যাশ বইতে এন্ট্রি ও খরচের ভাউচার প্রাপ্তির ক্ষেত্রে কোন গরমিল/ জটিলতা পরিলক্ষিত হলে বিদ্যালয় কর্তৃপক্ষই দায়ী থাকবে। ব্যক্তিনামে ব্যাংক মারফত জমাকৃত টাকা ও উন্নয়নমূলক কাজে খরচের হিসাব যথাযথভাবে বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।
১২। বিদ্যালয়ের জন্য অবিলম্বে একলক্ষ টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও ত্রিশ হাজার টাকার আসবাবপত্র ক্রয় করে ০৬ মাসের মধ্যে প্রমাণপত্র বোর্ডে দাখিল করতে হবে।

আরোপিত শর্তাবলী পূরণ করতে ব্যর্থ হলে অথবা অনুমতিকালে পূরণকৃত কোন শর্ত লঙ্ঘন করলে কিংবা বোর্ডের কোন নির্দেশ অমান্য করলে কোন কারণ দর্শানো ছাড়াই বোর্ড কর্তৃপক্ষ এ অনুমতি প্রত্যাহার করতে পারবে।

২১/৪/০৪
(প্রফেসর মোঃ তাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা
তারিখ: ............ খ্রিঃ

৩১/৩/০৪

স্মারক নং: অনুমতি/ ৩৬০/ স্কুঃ/মঃ/
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হল :-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা শিক্ষা পরিদপ্তর, চট্টগ্রাম/কুমিল্লা।
৪। জেলা শিক্ষা অফিসার, ....কুমিল্লা......
৫। সেকশন অফিসার, রেজিস্ট্রেশন শাখা- ......, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,কুমিল্লা।
৬। ম্যানেজার, ....উত্তরা............ ব্যাংক, ....বাখরাবাদ................ শাখা, ডাকঘর .....চাপাপুর.......... জেলা কুমিল্লা। তার ব্যাংকে রক্ষিত বিদ্যালয়ের এফ,ডি,আর,নং-
৭। সংরক্ষণ নথি। ২৫৫ ৭০৭/৭০২ এবং নং-৩৩০৮৪১/১০০/০৪ মোট পঁচাত্তর হাজার টাকা যেন কোনক্রমেই উত্তোলন করা না হয় সেবিষয়ে দৃষ্টি আকর্ষণ করা গেল।

(প্রফেসর মোঃ তাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা